

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৭.০০২(অংশ-১).০৮-৭৮০

তারিখঃ ২০/০৯/২০২২

অফিস আদেশ

বিষয়ঃ **সীমিত দরপত্র ক্রয় পদ্ধতিতে (LTM) দরপত্র আহ্বানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা ভিত্তিক ঠিকাদার বা সরবরাহকারীর তালিকা ব্যবহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা- ২০০৮ এর বিধি ৬৪ (২) মোতাবেক সীমিত দরপত্র ক্রয় পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কারী সম্ভাব্য সরবরাহকারী অথবা ঠিকাদারদের হালনাগাদকৃত তালিকা সংরক্ষণ এবং উক্ত তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হতে দরপত্র আহ্বান করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, এলজিইডির আওতাধীন সকল ক্রয়কারীকে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতিতে (LTM) দরপত্র আহ্বানের ক্ষেত্রে ক্রয়কারী (PE)-এর হালনাগাদকৃত সংশ্লিষ্ট জেলা ভিত্তিক ঠিকাদার বা সরবরাহকারীর তালিকা ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হল; তবে কোন জেলায় উপর্যুপরি পর্যাপ্ত প্রতিযোগিতার অভাব পরিলক্ষিত হলে নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট অঞ্চলের অন্যান্য জেলাকে অন্তর্ভুক্ত করা যাবে।



(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
- ৩। প্রকল্প পরিচালক (সকল)..... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ
- ৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, উপজেলা, জেলাঃ